

জীবন বৃত্তান্ত



জনাব মো: আবুল কালাম আজাদ ১ ফেব্রুয়ারি ১৯৬৪ তারিখে দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলায় জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম রফিজ উদ্দিন আহমেদ ও মাতার নাম বেগম আরা। তিনি দেওগাঁ রিয়াজ উদ্দিন উচ্চ বিদ্যালয় হতে ১৯৭৯ সালে এসএসসি, রাজশাহী সরকারি কলেজ হতে এইচএসসি এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি বিষয়ে অনার্সসহ বিএ পাস করেন।

তিনি ১ জুন ১৯৮৯ তারিখে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে শাখা সহকারী হিসাবে কর্মজীবন শুরু করেন। পরবর্তীতে ২৮ এপ্রিল ১৯৯৭ তারিখে প্রশাসনিক কর্মকর্তা এবং ১ নভেম্বর ২০১২ তারিখে সহকারী সচিব হিসাবে পদোন্নতিপ্রাপ্ত হয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং শিল্প মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করেন। ২২ মে ২০১৮ তারিখ হতে তিনি সিনিয়র সহকারী সচিব হিসাবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করছেন।

তিনি সরকারি দায়িত্ব পালনের অংশ হিসাবে ইন্দোনেশিয়া, মালয়েশিয়া ও চীন সফর করেছেন। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত ও দুই সন্তানের জনক।